গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ২৮ আগস্ট, ২০২৩ খ্রি.

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৮/০৮/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ সোমবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব ইশরাত সিদ্দিকা এর নেতৃত্বে **'মিনা বাজার'** শান্তিনগর, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে **'মিনা বাজার'** এর আউটলেটে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, প্রিমিসেস লাইসেন্স, কর্মচারীদের স্বাস্থ্য সনদ ও পেস্ট কন্ট্রোল এর প্রমানক প্রদর্শনে সক্ষম হয়। এছাড়াও প্রতিষ্ঠানটিতে বিক্রয়ের উদ্দেশ্যে মজুদকৃত আমদানিকৃত খাদ্যপন্যের মোড়কে আমদানিকারকের যথাযথ লেবেল পাওয়া যায়। উক্ত প্রতিষ্ঠানটিতে নিরাপদ খাদ্য আইন বিরোধী কোন কার্যক্রম পরিলক্ষিত হয় নি।

অভিযান পরিচালনাকালে **'মিনা বাজার'** কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষন ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব মো: আসলাম ভূইয়া ও বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

(ড. সহদেব চন্দ্র সাহা)
পরিচালক
খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২৭৬৮৫

**বিতরণঃ**

১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অফিস কপি।